# ১।    স্নাতক প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

যে সকল ছাত্র/ছাত্রী,

ক।  মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে (গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়নসহ) ২০২৩ বা ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ পেয়েছেন এবং ২০২৫ বা ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ সহ উত্তীর্ণ হতে হবে অথবা বিদেশি শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।

অথবা

খ।  ২০২২ বা ২০২৩ সালে GCE “O” লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে (পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও ইংরেজীসহ) ন্যূনতম B গ্রেড অথবা সমমান এবং ২০২৪ বা ২০২৫ সালে GCE “A” লেভেল পরীক্ষার অন্ততপক্ষে ০৩ টি বিষয়ে (পদার্থবিদ্যা, রসায়ন ও গণিত) ন্যূনতম B গ্রেড অথবা সমমান প্রাপ্ত হয়েছেন।

আবেদনকারী ছাত্র/ছাত্রীদের মধ্য হতে যোগ্যতার ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। ভর্তিচ্ছুক ছাত্র/ছাত্রীদের মধ্যে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিষয় তিনটিতে প্রাপ্ত মোট নম্বর এর ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হিসাবে বিবেচিত হবে। এই তিনটি বিষয়ে প্রাপ্ত নম্বর সমান হলে প্রথমে শুধু গণিতে প্রাপ্ত নম্বর এবং পরবর্তীতে যথাক্রমে পদার্থ বিজ্ঞানে ও রসায়নে প্রাপ্ত নম্বরকে অগ্রাধিকারের ক্রম হিসেবে বিবেচনা করে যোগ্য শিক্ষার্থী নির্বাচন করা হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

ক।  ভর্তির যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে বিদেশ হতে অর্জিত ডিগ্রীর সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণি সমমানের সিজিপিএ/জিপিএ/ বিভাগ/শ্রেণি সমতাকরণে শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি কর্তৃক নির্দেশিত গাইডলাইন অনুসৃত হবে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় সকল কাগজপত্রের অনুলিপি অবশ্যই ভর্তির সময় জমা দিতে হবে। এ ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিড গৃহীত হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে। আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য ও বিবরণ অবশ্যই যথাযথ ও সঠিক হতে হবে। ভর্তির পরবর্তিতে কোনোভাবেই আবেদনপত্রে উল্লিখিত কোন প্রকার তথ্য সংশোধনযোগ্য নয় । শিক্ষার্থীর আবেদনপত্রের তথ্য/ডাটা ভুল বা অসত্য প্রমাণিত হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত ভর্তি বাতিল করা হবে।

খ।  সকল শিক্ষাগত যোগ্যতা ও শর্ত পূরণ সাপেক্ষে শুধুমাত্র যোগ্য শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। প্রয়োজনীয় ও জরুরী স্বাস্থ্য সংক্রান্ত নির্দেশনা এবং যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.aaub.edu.bd) -এ যথাসময়ে প্রকাশ করা হবে।

গ।  স্নাতক প্রোগ্রাম সমূহে ভর্তির জন্য আবেদন ফরমের সর্বমোট ফি ১০০০ (এক হাজার) টাকা (পেমেন্ট গেটওয়ে এর সার্ভিস চার্জ ব্যতীত) পরিশোধ করতে হবে। শিক্ষাগত যোগ্যতা এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের ভর্তির ফলাফল প্রকাশিত হবে। ভর্তি পরীক্ষাতে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী মেডিকেল বোর্ডের ক্লিয়ারেন্স সম্পন্ন করতে হবে।

## ২। স্নাতক প্রোগ্রামে ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচি নিম্নরুপঃ

| স্নাতক প্রোগ্রামসমূহ: | ভর্তি পরীক্ষার বিষয়সমূহ | পাঠ্যসূচি |
|---|---|---|
| ১। বিএসসি ইন অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং<br>২। বিএসসি ইন অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং<br>৩। বিএসসি ইন এয়ারক্রাফ্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস)<br>৪। বিএসসি ইন এয়ারক্রাফ্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যাভিওনিক্স) | গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজি | জাতীয় শিক্ষাক্রমে অন্তর্ভূক্ত উচ্চ মাধ্যমিকের পাঠ্যসূচি |

## ৩। বিষয় ভিত্তিক নম্বর বিন্যাস:

ভর্তি পরীক্ষা সর্বমোট ১০০-নম্বরে অনুষ্ঠিত হবে; যার মধ্যে ৬০-নম্বর এমসিকিউ এবং ৪০-নম্বর লিখিত পরীক্ষা হিসেবে অর্ন্তভুক্ত থাকবে। প্রতি এমসিকিউ এর ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে প্রশ্নের মানের ২৫% কেটে নেয়া হবে। পরীক্ষার সর্বমোট সময় ২ (দুই) ঘণ্টা।

**বিষয় ভিত্তিক মানবন্টনঃ**

| বিষয় | এমসিকিউ | লিখিত | বিষয় ভিত্তিক মোট নম্বর | পূর্ণমান |
|---|---|---|---|---|
| গণিত | ২৪ | ১৬ | ৪০ | ১০০ |
| পদার্থবিজ্ঞান | ১৮ | ১২ | ৩০ | |
| রসায়ন | ১২ | ০৮ | ২০ | |
| ইংরেজি | ০৬ | ০৪ | ১০ | |